নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
স্থাপিত-২০১৫ ইং
ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
ই-মেইলঃ- narayanganj_pbs1@ yahoo.com ওয়েব সাইটঃ- pbs1.narayanganj.gov.bd

মুজিব শতবর্ষ 100

স্মারক সংখ্যা- ২৭.১২.৬৭০৪.৫৭০.০২.০০৮.২২. ৮৯৪৬

তারিখঃ ২৪ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
০৯ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ "নিয়োগ বিজ্ঞপ্তি"

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের প্যানেল প্রস্তুতের নিমিত্ত আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম/ পদের সংখ্যা	বয়স সীমা	বেতন স্কেল ও অন্যান্য ভাতা	শিক্ষাগত প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা	যে জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	**ড্রাইভার (পুরুষ)**	৩০/০৩/২০২২খ্রিঃ বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনুর্ধ্ব ৪৫ বছর।	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৬,৬০০/- হতে ৪১,৯৫০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	(ক) সাবলীলভাবে বাংলা লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। এছাড়াও বিভিন্ন নির্দেশিকা, নির্দেশনা ও চিহ্ন পড়তে বুঝতে সক্ষম হতে হবে। এছাড়াও বিভিন্ন রিপোর্ট ও সিডিউল পূরণে সক্ষম হতে হবে। গাড়ীর সকল নির্দেশনাবলী ইংরেজীতে থাকার ইংরেজী অক্ষর ও নাম্বারিং পড়তে সক্ষম হতে হবে। (খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত গাড়ী চালানোর ন্যূনতম হালকা যান চালানোর ড্রাইভিং লাইসেন্স (স্মার্ট কার্ড) থাকতে হবে। (গ) যে কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অথবা বৃহৎ শিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনা ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা সনদ (ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর) জমা প্রদান করতে হবে। (ঘ) বিগত ০৩ বছরের মধ্যে বড় ধরনের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্টপ্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র সহ ভাল ড্রাইভিং-এর বাস্তব অভিজ্ঞতা সনদ জমা প্রদান করতে হবে। (ঙ) কর্তৃপক্ষ কর্তৃক ব্যবহারিক এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (লিখিত পরীক্ষা হবে ছোট ধরনের ইঞ্জিন রিপেয়ারিং, টিউন-আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে) (চ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	বগুড়া, চট্টগ্রাম, চুয়াডাঙ্গা, কক্সবাজার, ঢাকা, গোপালগঞ্জ, জামালপুর, যশোর, খাগড়াছড়ি, কুষ্টিয়া, লালমনিরহাট, মৌলভীবাজার, নওগাঁ, নারায়ণগঞ্জ, নাটোর, চাপাই নবাবগঞ্জ, নেত্রকোনা, নীলফামারী, নোয়াখালী, পাবনা, রাজশাহী, রাঙ্গামাটি, রংপুর, শরিয়তপুর, সুনামগঞ্জ, সিলেট এবং টাঙ্গাইল।
০১	**অফিস সহায়ক**	৩০/০৩/২০২২খ্রিঃ বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনুর্ধ্ব ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা কোটায় ৩২ বছর। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে।	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৫,৫০০/- হতে ৩৯,১৭০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ি ভাড়া চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	ক) কমপক্ষে এসএসসি অথবা সমমান পাশ হতে হবে। খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্থ, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। গ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। ঘ) প্রার্থীকে বাই-সাইকেল চালনায় পরদর্শী হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে।	

অন্যান্য শর্তাবলীঃ

০১। আবেদনকারীগণ নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (pbs1.narayanganj.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ-১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ৩০/০৩/২০২২ খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সাদা কাগজে টাইপকৃত, সরাসরি হাতে হাতে এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাৎসরিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে পবিসের নিজস্ব স্যালারী প্যাটার্ন এর নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করা যেতে পারে।

০৩। নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতা (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়), অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন কপি/নাগরিকত্ব সনদের কপি, সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (১ কপি ছবি আবেদন ফর্মের নির্ধারিত স্থানে ও ১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নাম আইডি সম্বলিত সীল দ্বারা সকল কাগজপত্র সত্যায়িত করতে হবে এবং ১কপি ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে), ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নাম আইডি সম্বলিত সীল দ্বারা সকল কাগজ ও ছবি সত্যায়িত হতে হবে) ।

০৪। প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সাথে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর শিরোনামে জনতা ব্যাংক লিঃ/অথবা সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

০৫। কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অব্যাহতিপ্রাপ্ত, বরখাস্তকৃত প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

০৬। নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের ক্ষেত্রে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকার (যেমন- সোনারগাঁ, বন্দর ও রূপগঞ্জ উপজেলার তারাব পৌরসভা) স্থায়ী বাসিন্দাগণের আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৭। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রী কেউ আবেদন করতে পারবেন না।

০৮। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে তাৎক্ষণিকভাবে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

০৯। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন পদ বা জেলা কোটা পূরণ হলে সংশ্লিষ্ট পদের প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১০। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মুল কপি প্রদর্শন করতে হবে।

১১। খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সুস্পষ্টভাবে লিখতে হবে।

১২। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৩। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর সহ যে কোন জোনাল অফিস বা সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৪। অত্র নিয়োগ বিজ্ঞপ্তির নিয়োগ প্রক্রিয়া চলমান থাকাকালীন কোন জেলা কোটার প্রাপ্যতা পূর্ণ হলে সে জেলার আবেদন বিবেচনা করা হবে না।

১৫। অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ প্রক্রিয়া চলাকালীন অথবা নিয়োগের পর তথ্য গোপনের বিষয় প্রমাণিত হলে প্রার্থিতা বাতিল/বরখাস্তসহ দেশের প্রচলিত আইন ও বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯/০৮/২২

(প্রকৌ মোঃ মাশফিকুল হাসান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়/সদয় অবগতির জন্য)

০১॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
০২॥ পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃপঃ (কেঃঅঃ)/আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------পবিস-১/২/৩/৪ ⟹
০৪॥ একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৫॥ নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, নারায়ণগঞ্জ।

সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিতরণ:

০১। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/সোনারগাঁ/মদনপুর/বন্দর/তারাব জোনাল অফিস, নারায়ণগঞ্জ পবিস-১।
০২। এজিএম (ওএন্ডএম), নবীগঞ্জ/বারদী/মেঘনাঘাট/বরপা সাব-জোনাল অফিস, নারায়ণগঞ্জ পবিস-১।
০৩। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব/সদস্য-সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি-১/২অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য), নারায়ণগঞ্জ পবিস-১।
০৪। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।
০৫। অফিস কপি/ মাস্টার কপি।

০৯/০৮/২২

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
জেনারেল ম্যানেজার

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

স্থাপিত-২০১৫ ইং

ISO 9001:2015 Certified

পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিতঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

ফরম নংঃ পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ ....

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, ড্রাইভার/অফিস সহায়ক পদে প্যানেলভুক্তি / নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা / আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে

জেনারেল ম্যানেজার
নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং -০১/২০২২ .... ৩. পদের ধরণঃ স্থায়ী ভিত্তিক

২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

.... ------ মার্চ, ২০২২ খ্রিঃ

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ৫. প্রকাশনার তারিখ

....

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ৭. জন্ম তারিখ (শিক্ষাগত যোগ্যতার সনদ অনুযায়ী)

..../.........../.......(দিন/ মাস/ বছর)

৮. মাতার নাম ৯. বয়স (৩০/০৩/২২ খ্রিঃ তারিখে)

....

১০. পিতার নাম ১১. ধর্ম

....

১২. জাতীয়তা ১৩. নিজ জেলা

....

১৪. টেলিফোন/ মুঠো ফোন নম্বর ১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন)

	বিবাহিত		অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক(√) দিন)ঃ

	মহিলা		মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা		মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা		এতিম ও শারীরিক প্রতিবন্ধি
	উপজাতি		আনসার ও গ্রাম প্রতিরক্ষা		অন্যান্য		

১৭. স্থায়ী ঠিকানাঃ

....

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/ থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র / নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

....

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/ থানা ঘ. জেলা

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুয়ায়ী পূরণ করতে হবে):

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/ বিভাগ/শ্রেণী		সার্টিফিকেট / ডিগ্রী অর্জনের বছর
		সিজিপিএ স্কেল	প্রাপ্ত বিভাগ/ শ্রেণী /গ্রেড	
.... শ্রেণী				
এসএসসি/সমমান				
এইচএসসি/সমমান				
স্নাতক				

২০. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চাকুরী পদত্যাগের তারিখ

২২ . প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

নাম, পদবী/ পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

২৩ . পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য পদেয় হবে):

কর্মরত পবিস এর নাম	পদের নাম	বর্তমান পদে মোট চাকুরীকাল	প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে	পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/ লঘুদন্ড)

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন বা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় স্বাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতার সনদ এর ২ (দুই) সেট অবিকল অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

....

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ - সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃক্ষেরর মাধ্যমে আবেদন করতে হবে।

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
ছাপিত-২০১৫ ইং
ISO 9001:2015 Certified

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

লিখিত (এমসিকিউ)/ লিখিত (রচনামুলক)/ মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর : ....

পরীক্ষার তারিখ : ....

পরীক্ষার সময় : ....

পরীক্ষা কেন্দ্রের নাম : ....

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা : ....

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ ....

(প্রার্থী/ আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম :ộ ....

প্রার্থীর নাম ....

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ....

....

....

....

প্রার্থী/ আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে /কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠোফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদনপত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগু ব্যবস্থা গ্রহণ করা হবে।

....